-২৮৬-

# ট্যাবলেট বিতরণ গাইডলাইন

**জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প**

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**পরিকল্পনা মন্ত্রণালয়**

মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

-২৪২-

## সুচিপত্র


১) শিরোনাম ........ ৩

২) ট্যাবলেট বিতরণের উদ্দেশ্য ........ ৩

৩) ট্যাবলেট সম্পর্কিত তথ্য ........ ৩

৪) ট্যাবলেট বিতরণ কমিটি ও কার্যপরিধি ........ ৪

৪.১: জেলা কমিটি ........ ৪

৪.২: উপজেলা কমিটি ........ ৪

৫) মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসা ও শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ........ ৫

৬) ট্যাবলেট বিতরণ পদ্ধতি ........ ৫

৬.১) ট্যাবলেট বিতরণ ফরম ........ ৫

৬.২) ট্যাবলেট গ্রহণের শর্ত........ ৫

৬.৩) ট্যাবলেট প্রাপ্তি স্বীকারপত্র........ ৫

৭) ট্যাবলেটের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ ........ ৫

৮) সিম (SIM) রেজিস্ট্রেশন সংক্রান্ত ........ ৬

৯) ট্যাবলেট বিতরণ ডাটাবেইজ সংরক্ষণ ........ ৬

১০) অস্পষ্টতা দূরীকরণ ........ ৬

ট্যাবলেট বিতরণ ফরম ........ ৭


মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# ট্যাবলেট বিতরণ গাইডলাইন

### ১) শিরোনাম

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত ট্যাবলেটসমূহের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর নিজস্ব প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেটসমূহ দেশের মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মধ্যে ট্যাবলেটসমূহ **মাননীয় প্রধানমন্ত্রীর উপহার** হিসেবে বিতরণ করা হলে তা তরুণ সমাজকে স্মার্ট নাগরিক হিসেবে গড়ে উঠার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা যায়।

### ২) ট্যাবলেট বিতরণের উদ্দেশ্য

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সময় ও যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে সময়োপযোগী, নির্ভুল পরিসংখ্যান প্রস্তুত ও সরকার ঘোষিত 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে অবদান রাখার অভিপ্রায়ে ১৫-২১ জুন ২০২২ সময়সীমায় প্রথম 'ডিজিটাল শুমারি' পরিচালনা করে। ডিজিটাল শুমারি তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনার জন্য জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের মাধ্যমে ৩,৯৫,০০০ (তিন লক্ষ পঁচানব্বই হাজার) ট্যাবলেট ক্রয় করা হয়। বিবিএস কর্তৃক ভবিষ্যতে বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রমে ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক ট্যাবলেট সংরক্ষণপূর্বক অতিরিক্ত ২,০১,১৪৮টি ট্যাবলেট অব্যবহৃত অবস্থায় থাকবে।

এমতাবস্থায়, দেশের মেধাবী তরুণ সমাজের মধ্যে তথ্য প্রযুক্তির যথোপযুক্ত ব্যবহারে আগ্রহ গড়ে তোলার নিমিত্ত দেশের মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা কার্যক্রমে ব্যবহারের জন্য জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেটগুলোর মধ্যে বিবিএস এর নিজস্ব প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেটসমূহ বিতরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### ৩) ট্যাবলেট সম্পর্কিত তথ্য

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ট্যাবলেটের কনফিগারেশন নিম্নরূপ:

| **Short Configuration** | |
|---|---|
| Brand | Walton |
| Model | WALPAD 8G |
| Operating System | Android 11 |
| CPU | 2GHz Quad-Core |
| Display | 8″ IPS (1280 × 800) |
| RAM | 4GB |
| Storage | 64GB |
| Camera | Rear: 8MP \| Front: 2MP |
| Battery | 5000 mAh Lithium-ion Battery |
| Network Technology | GSM/HSPA/UMTS/LTE |
| USB | USB 2.0 (Type C) |

বর্ণিত কনফিগারেশনের ট্যাবলেটগুলো মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হবে।

মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

২৮০

## ৪) ট্যাবলেট বিতরণ কমিটি ও কার্যপরিধি

### ৪.১: জেলা কমিটি

| ক্রমিক | পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস | সদস্য |
| ৪. | প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সদস্য |
| ৫. | উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় | সদস্য সচিব |

**কার্যপরিধি (ToR):**

ক) উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার খসড়া তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন

খ) উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধাবী শিক্ষার্থীর খসড়া তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন

গ) সংশ্লিষ্ট জেলা পরিসংখ্যান কার্যালয় হতে ট্যাবলেট গ্রহণপূর্বক উপজেলা কমিটির নিকট হস্তান্তর

ঘ) উপজেলা কমিটি হতে ট্যাবলেট বিতরণের প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ এবং সংশ্লিষ্ট জেলার পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালকের নিকট হস্তান্তর

ঙ) প্রযোজ্য ক্ষেত্রে ট্যাবলেট বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অন্যান্য দায়িত্ব পালন।

### ৪.২: উপজেলা কমিটি

| ক্রমিক | পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | সদস্য |
| ৩. | পরিসংখ্যান কর্মকর্তা/ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় | সদস্য সচিব |

**কার্যপরিধি (ToR):**

ক) উপজেলাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার তালিকা জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পে ব্যবহৃত Integrated Census Management System (ICMS) Software এর মাধ্যমে প্রণয়ন

খ) ICMS এর মাধ্যমে প্রস্তুতকৃত তালিকার হার্ডকপি জেলা কমিটির নিকট উপস্থাপন

খ) তালিকাকৃত মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার ৯ম ও ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মেধাক্রম অনুসারে প্রথম ০৩ (তিন) জনের তালিকা ICMS Software এ মাধ্যমে প্রস্তুতপূর্বক তালিকার হার্ডকপি জেলা কমিটির নিকট উপস্থাপন

গ) জেলা কমিটি হতে উপজেলার জন্য ট্যাবলেট গ্রহণ

ঘ) জেলা কমিটি কর্তৃক চূড়ান্তকৃত তালিকা অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাবলেট বিতরণ নিশ্চিতকরণ

ঙ) বিতরণকৃত ট্যাবলেটসমূহের প্রাপ্তি স্বীকারপত্র জেলা কমিটির নিকট উপস্থাপন

চ) প্রযোজ্য ক্ষেত্রে ট্যাবলেট বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অন্যান্য দায়িত্ব পালন।

মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

**৫) মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রসা ও শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া**

বাংলাদেশে অবস্থিত সকল মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমানের মাদ্রাসা হতে উপজেলা কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার তালিকা প্রস্তুত করা হবে। মাধ্যমিক বিদ্যালয় বলতে শুধু সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়কে বুঝাবে এবং মাদ্রাসা বলতে মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসা বুঝাবে।

মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার ৯ম ও ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ যারা সমন্বিত মেধাতালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অর্জনকারী তাদের নির্বাচন করতে হবে। উপজেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের তালিকা জেলা কমিটির অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। পরবর্তীতে চূড়ান্ত তালিকা উপজেলা কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার শিক্ষার্থীদের জানাতে হবে।

**৬) ট্যাবলেট বিতরণ পদ্ধতি**

চূড়ান্তভাবে নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট উপজেলা কমিটির সদস্যগনের উপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ট্যাবলেট গ্রহণ করবেন। উল্লেখ্য, মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণকৃত ট্যাবলেটসমূহ তাদের নিজস্ব ব্যবহারের নিমিত্ত অফেরতযোগ্য হিসেবে বিবেচিত হবে।

**৬.১) ট্যাবলেট বিতরণ ফরম**

ট্যাবলেট বিতরণের জন্য একটি অনলাইন ফরম (ট্যাবলেট বিতরণ ফরম) ব্যবহার করা হবে। ট্যাবলেট বিতরণ ফরমটি ICMS Software থেকে প্রিন্ট করে ফরমের নির্ধারিত স্থানে উপজেলা কমিটির সদস্যগণ স্বাক্ষর (অফিসিয়াল সীলসহ) করবেন এবং উপজেলাভিত্তিক স্বাক্ষরিত ট্যাবলেট বিতরণ ফরম জেলা কমিটির নিকট প্রেরণ করবেন।

**৬.২) ট্যাবলেট গ্রহণের শর্ত**

শিক্ষার্থীবৃন্দকে সংশ্লিষ্ট বিদ্যালয়/মাদ্রাসা কর্তৃক সরবরাহকৃত আইডি কার্ড (পরিচয় পত্র) অথবা প্রধান শিক্ষক/ প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সাথে আনতে হবে।

**৬.৩) ট্যাবলেট প্রাপ্তি স্বীকারপত্র**

চূড়ান্তকৃত তালিকা অনুযায়ী মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীরা নির্দিষ্ট ফরমে (ট্যাবলেট বিতরণ ফরম) স্বাক্ষর করে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার নিকট জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে ট্যাবলেট গ্রহণ করবেন।

ট্যাবলেট প্রাপ্তি স্বীকারপত্রের জন্য একটি অনলাইন ফরম (ট্যাবলেট বিতরণ ফরম) ব্যবহার করা হবে। ট্যাবলেট প্রাপ্তি স্বীকারপত্র ফরমটি ICMS Software থেকে প্রিন্ট করে ফরমের নির্ধারিত স্থানে শিক্ষার্থীগণ স্বাক্ষর করবেন। স্বাক্ষরিত ট্যাবলেট প্রাপ্তি স্বীকারপত্রসমূহ জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

**৭) ট্যাবলেটের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ**

ক) শিক্ষার্থীবৃন্দ **মাননীয় প্রধানমন্ত্রীর উপহার** হিসেবে বিতরণকৃত ট্যাবলেটসমূহ শিক্ষা সহায়ক উপকরণ হিসেবে ব্যবহার করবেন।

খ) ট্যাবলেট সরবরাহকৃত প্রতিষ্ঠান 'ওয়ালটন' এর সাথে চুক্তি অনুযায়ী ট্যাবলেট, ব্যাটারী ও অন্যান্য আনুষাঙ্গিক উপকরণের উপর আগামী ০১ জুন ২০২৪ তারিখ পর্যন্ত ওয়ারেন্টি প্রদান করা হবে।

মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

- ২৬৮ -

**৮) সিম (SIM) রেজিস্ট্রেশন সংক্রান্ত**

রবি সিম (SIM) সহ ট্যাবলেটসমূহ উপজেলাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের বিতরণ করতে হবে এবং সিমগুলো তাদের নামে নিবন্ধন করতে হবে। উল্লেখ্য, রবি সিম (SIM) জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের নামে নিবন্ধিত; শিক্ষার্থীদের জাতীয় পরিচয়পত্র না থাকলে তাদের পিতা/ মাতা/ আইনানুগ অভিভাবক (প্রযোজ্যক্ষেত্রে) এর নামে বিনা খরচে রবি'র যে কোনো সার্ভিস পয়েন্ট/ সেন্টার থেকে নিবন্ধন করতে পারবেন।

**৯) ট্যাবলেট বিতরণ ডাটাবেইজ সংরক্ষণ**

জেলা কমিটি কর্তৃক অনুমোদিত উপজেলাভিত্তিক মাধ্যমিক বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয় সমমানের সরকারি মাদ্রাসার মেধাবী শিক্ষার্থীদের ট্যাবলেট বিতরণ করার তালিকা Integrated Census Management System (ICMS) Software এ উপজেলা পরিসংখ্যান কার্যালয় কর্তৃক যথাযথ এন্ট্রিপূর্বক ডাটাবেইজ প্রস্তুত ও সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক ICMS Software এ ডাটাবেইজ প্রস্তুতি কার্যক্রম মনিটর করবেন এবং এন্ট্রিকৃত তালিকা ICMS Software এ অনুমোদন দিবেন।

**১০) অস্পষ্টতা দূরীকরণ**

এ গাইডলাইনের কোনো অনুচ্ছেদের বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে কিংবা কোনো বিষয়ে কোনো প্রকার বিভ্রান্তি সৃষ্টি হলে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র মতামত চূড়ান্ত বলে গণ্য হবে।

05/01/23
মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

05/01/23
প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
আগারগাঁও, ঢাকা-১২০৭।

05.01.2023
মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

**ট্যাবলেট বিতরণ ফরম**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
**জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প**
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

## শিক্ষার্থীদের জন্য ট্যাবলেট বিতরণ ফরম ও প্রাপ্তি স্বীকারপত্র

| ট্যাবলেটের ব্র্যান্ড ও মডেল | ট্যাবলেটের সংখ্যা | সিমের সংখ্যা |
|---|---|---|
| Walton, Walpad 8G | ০১ (এক) | ০১ (এক) |

| ক্রমিক নম্বর | শিক্ষার্থীর নাম | শিক্ষার্থীর শ্রেণি | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জন্ম নিবন্ধন নম্বর | পিতা/ মাতার নাম ও মোবাইল নম্বর | ট্যাবলেটের আইএমইআই (IMEI) নম্বর | সিম (SIM) নম্বর | গ্রহীতার স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |
| ২ | | | | | | | | |
| ৩ | | | | | | | | |
| ৪ | | | | | | | | |
| ৫ | | | | | | | | |

পরিসংখ্যান কর্মকর্তা
উপজেলা পরিসংখ্যান কার্যালয়

মোহাম্মদ সাইদুর রহমান
পরিসংখ্যান কর্মকর্তা

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস

প্রলয় কুমার গোস্বামী
প্রোগ্রামার

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলার নাম

মোঃ মোস্তাফিজুর রহমান
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়